


ভোবের কাপড়

JUL 1 2002

JUL 19 2002



## ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতো ব্যক্তিত্ব জাতীয় জীবনে একান্ত প্রয়োজন

শিক্ষামন্ত্রী

জ্ঞানভাণ্ডার ড. মুহাম্মদ শহীদুল্লাহর ১১৭তম জন্মবার্ষিকী উপলক্ষে ড. শহীদুল্লাহ জ্ঞানপীঠ এবং জন্মবার্ষিকী উদযাপন কমিটি গতকাল ঢাকায় এক আলোচনা সভার আয়োজন করে। শিক্ষামন্ত্রী ড. এম এ সোমান ফারুক অনুষ্ঠানে প্রধান অতিথি এবং সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জন্মবার্ষিকী উদযাপন কমিটির আহ্বায়িকা ফরিদা মনির সভাপতিত্বে এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলা একাডেমীর মহাপরিচালক মনসুর মুসা, শিশু একাডেমীর চেয়ারম্যান জবাইদা গুলশান আরা, শিক্ষাবিদ ড. কাজী দীন মোহাম্মদ এবং ড. শহীদুল্লাহ জ্ঞানপীঠের প্রধান শিক্ষয়িত্রী চমন আরা রুবি বক্তৃতা করেন।

ড. মুহাম্মদ শহীদুল্লাহর কর্মজীবনের ওপর স্মৃতিচারণ করে শিক্ষামন্ত্রী বলেন, তার মতো বিরল ব্যক্তিত্ব ও প্রতিভা সম্পন্ন মানুষ আজ জাতীয় জীবনে একান্ত প্রয়োজন। তথ্য বিবরণী।